দৈনিক ইত্তেফাক

তারিখ ... ..APR. 1 8 1999
পৃষ্ঠা ৪ কলাম ৬

৪৩

## পাঠ্যপুস্তকে তথ্য বিভ্রাট

জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড কর্তৃক প্রকাশিত নবম ও দশম (মানবিক বিভাগের) শ্রেণীর 'বাংলাদেশ ও প্রাচীন বিশ্বসভ্যতার ইতিহাস' বইয়ের ১১৬ পৃষ্ঠায় লেখা রহিয়াছে, বাস্তববাদী রাজনীতিবিদ চিত্তরঞ্জন দাশ ১৯২৫ সালের ১৬ই জুন অকালে মৃত্যুবরণ করিয়াছেন। আবার একই বইয়ের ১২৫ পৃষ্ঠায় লেখা রহিয়াছে, তিনি ১৯২৪ সালে মৃত্যুবরণ করেন। আমরা বিভ্রান্তিতে পড়িয়াছি। চিত্তরঞ্জন দাশের মৃত্যুর সঠিক সাল কোন্‌টি? এমতাবস্থায়, সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট প্রশ্ন, সঠিক তথ্য কোন্‌টি? আশা করি, পরবর্তী সংস্করণে এই তথ্য বিভ্রাটের অবসান হইবে।

আরিফুজ্জামান আরিফ,
৩২৬/৩, এ, দক্ষিণ যাত্রাবাড়ী,
পূবালী আবাসিক এলাকা,
ডেমরা, ঢাকা-১২০৪।